

আর্থিক প্রতিষ্ঠান বিভাগের সিনিয়র সচিব মহোদয় কর্তৃক ক্ষুদ্রঋণ প্রতিষ্ঠানের মাঠ পর্যায়ের কার্যক্রম
পরিদর্শন ও ক্ষুদ্রঋণ গ্রহীতাদের সঙ্গে মতবিনিময়



আর্থিক প্রতিষ্ঠান বিভাগ, অর্থ মন্ত্রণালয়ের সিনিয়র সচিব জনাব মোঃ আসাদুল ইসলাম মহোদয় গত ২৩ নভেম্বর, ২০১৯ তারিখে বান্দরবানস্থ ব্র্যাক এর ক্ষুদ্রঋণ কার্যক্রম পরিদর্শন করেন। উক্ত পরিদর্শনের অংশ হিসেবে তিনি ক্ষুদ্রঋণের উঠান বৈঠকে যোগদান করেন এবং ক্ষুদ্রঋণ গ্রহীতাদের সাথে ঋণের সার্ভিস চার্জ, গ্রেস পিরিয়ড, ঋণ ব্যবহারের ক্ষেত্রসমূহ সম্পর্কে ক্ষুদ্রঋণ গ্রহীতাদের সাথে মতবিনিময় করেন। এছাড়া ক্ষুদ্রঋণ সদস্যদের জন্য ব্র্যাক কর্তৃক পরিচালিত ক্ষুদ্রঋণ ব্যতীত অন্যান্য কর্মসূচী; যেমনঃ শিক্ষা, স্বাস্থ্য, সামাজিক সচেতনতামূলক ইত্যাদি বিষয় সম্পর্কে অবহিত করা হয়। উঠান বৈঠক শেষে সিনিয়র সচিব মহোদয় কিছু ক্ষুদ্র উদ্যোগ ঋণীর (এন্টারপ্রাইজ) কার্যক্রম সরেজমিনে দেখার জন্য বান্দরবান শহরস্থ পূরবী সুপার মার্কেট ও চৌরাস্তা মোড়ে কিছু এন্টারপ্রাইজ পরিদর্শন করেন। উক্ত পরিদর্শনে সিনিয়র সচিব মহোদয়ের সফরসঙ্গী হিসেবে আরো উপস্থিত ছিলেন আর্থিক প্রতিষ্ঠান বিভাগের উপসচিব (সিনিয়র সচিবের একান্ত সচিব) জনাব মোহাম্মদ আবদুল আওয়াল ও অথরিটির উপপরিচালক জনাব মুহাম্মদ শহিদুল ইসলাম।